

This question paper contains 4 printed pages]

Your Roll No.....

227

B.A. (PROGRAMME)/I Sem. B
BENGALI LANGUAGE (B)—Paper IA

(Functional Grammar and Skills in Language Use)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

১. নিম্নলিখিত বিশেষ্য পদগুলিকে বিশেষণে এবং বিশেষণ পদগুলিকে বিশেষ্য পদে পরিণত কর। (৮টি) 1×8=8
- দুঃখ, রূপসী, আকাশ, নীলচে, সূর্য, সূর্যী, রূপা, রক্তিম, দামী, ডাক্তার, ঔদার্য, খুড়ো।

অথবা

রেখাঙ্কিত শব্দের পদ নির্ণয় কর (৮টি)

(বিশেষ্য/বিশেষণ/সর্বনাম)

- ক) বেশি কথা বলা ভাল নয়।
খ) তোমার ওই শ্যামলবরণ কোমলমূর্তি মর্মে গাঁথা।
গ) কোথায় গেলেন স্নেহময়ী মা আমার!
ঘ) আজ সন্ধ্যা থেকে মৃদুমন্দ বাতাস বইছে।
ঙ) কাঠের উপর সোনার কাজ করা মূর্তি।
চ) স্বামী বিবেকানন্দ জাতিভেদ মানতেন না।
ছ) মহাদেবের তৃতীয় নয়নে আগুন জ্বলে উঠল।
জ) কোন্ আলোতে প্রাণের-প্রদীপ জ্বালিয়ে তুমি ধরায় আস!
ঝ) ধানক্ষেতে সোনালি রোদ ঝলঝল করছে।
ঞ) ষক্ আমার জ্যেষ্ঠত্বো ভাই।
ট) তুমি কি কেবলি ছবি?
ঠ) যেমো জামা প'রে থেকে না।

P.T.O.

২. যে কোনো চারটি শব্দের প্রতিশব্দ লেখ। (দুটি করে) $1 \times 4 = 4$
পিতা, পুত্র, আকাশ, পর্বত, ফুল, নদী, গৃহ, রাত্রি।
৩. চারটি শব্দের বিপরীতার্থক শব্দ লেখ। $1 \times 4 = 4$
স্বর্গ, মোটা, দুঃখ, মন্দ, পর, শাস্ত, স্ত্রী, সাদা।
৪. ভাষা কাকে বলে? উদাহরণ সহযোগে ধ্বনি ও বর্ণের পাথক্য বুঝিয়ে
দাও। $2 + 4 = 6$

অথবা

- ধ্বনিপরিবর্তন বলতে কী বোঝো? স্বরসঙ্গতি কী, তা দৃষ্টান্ত সহযোগে
বুঝিয়ে লেখ।
৫. অপিনিহিতি অথবা অভিশ্রুতির সংজ্ঞা সহকারে তিনটি করে দৃষ্টান্ত
দাও। $3 + 3 = 6$
৬. শব্দের অর্থভিত্তিক শ্রেণীকরণ বলতে কী বোঝো? প্রতি শ্রেণীর উপযুক্ত
দৃষ্টান্ত দাও। 7

অথবা

- নীচে লেখা শব্দগুলি অর্থের দিক থেকে কোন শ্রেণীর লেখ (যে কোন
৭টি)
- শুশ্রূষা, বারিদ, পাকামো, ধাতব, গবাক্ষ, জলদ, হত, গের, জলো, পঙ্কজ,
সন্দেশ, সম্বন্ধী।
৭. নিম্নলিখিত শব্দগুলি IPA-তে লেখ। শব্দগুলি বাংলায় লেখ। (১০টি)
kajol, ami, skla, b^hat, aslo, rupo, cād, adda, bry, jok, bɔt^ha,
glas, madur, meg^hla, pahar 1×10

খ বিভাগ

৮. পাঁচটি বাগধারা সহযোগে বাক্যরচনা কর। 2x5=10

চোখের চামড়া, অরণ্যে রোদন, গৌরচন্দ্রিকা, মগের মলুক, জিলিপির প্যাঁচ, অগ্নিশর্মা, হাটে হাঁড়ি ভাঙা, পরের মাথায় কাঁঠাল ভাঙা।

৯. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ। 2x5=10

বারাসাত দেশবন্ধু মিলের পরিচালনায় শনিবার এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৭৪ জন নানাবয়সী মানুষ সেখানে রক্তদান করেন। উপস্থিত রক্তদাতাদের মধ্যে ২০ জন মহিলাও ছিলেন। শিবিরের প্রচারের জন্য যে প্রচারপত্র দেওয়া হয়, সেখানে রক্তদানকালীন নিরাপত্তা ও স্বাস্থ্য-সুরক্ষার কথা বলা হয়েছিল। দেখা গেল যে সমস্ত আয়োজনই যথানুরূপ হয়েছিল। রক্তদানের আগে এবং পরে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হয়। রক্তদাতাদের অন্যান্য রক্তপরীক্ষার সঙ্গে HIV পরীক্ষা করা হয়। রক্তদানের পরে তাঁদের ফলের রস, বিস্কুট এবং একটি ছোট্ট উপহার দেওয়া হয়। দেশবন্ধু মিল এর আগেও তিনবার এইরকম শিবিরের আয়োজন করেছিল। সংগৃহীত রক্ত ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটিতে পাঠানো হয়েছে।

ক) বারাসাত দেশবন্ধু মিল শনিবার কি করেছে?

খ) শিবিরের উদ্বোধন কে করেছিলেন?

গ) রক্তদাতাদের মধ্যে মহিলার সংখ্যা কত ছিল?

ঘ) শিবিরের প্রচারপত্রে কী বলা হয়েছিল?

ঙ) সংগৃহীত রক্ত কোথায় পাঠানো হয়েছে?

১০. তোমার শহরের রাস্তাঘাটের দুরবস্থার কথা জানিয়ে অবিলম্বে ব্যবস্থাগ্রহণের জন্য পুরসভার চেয়ারম্যানের কাছে একটি আবেদন-পত্র লেখ। 10 .

অথবা

কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন-অনুসারে হরিয়ানা গ্রামীণ ব্যাঙ্কের হিসাবরক্ষক পদের জন্য একটি দরখাস্ত লেখ। পত্রে তোমার বয়স, যোগ্যতা ও অভিজ্ঞতার উল্লেখ আবশ্যিক।

অথবা

ফি কনসেশন অথবা মাসিক বেতনে বিশেষ ছাড় পাওয়ার জন্য প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকাকে একটি আবেদনপত্র লেখ।